



পরীক্ষা

দেড় মাস পর বুয়েটের অচলাবস্থা কাটল, পরীক্ষায় বসলেন শিক্ষার্থীরা

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রায় দেড় মাস পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অচলাবস্থা কাটল। বর্জন করা ও স্থগিত টার্ম ফাইনাল পরীক্ষা দিতে বসলেন শিক্ষার্থীরা। আজ শনিবার থেকে শুরু হওয়া এই পরীক্ষা চলবে আগামী ৬ জুন পর্যন্ত। পরীক্ষা চলাকালে অবশ্য বুয়েটে কোনো ক্লাস হবে না।

আজ সকাল নয়টায় বুয়েটের টার্ম ফাইনাল পরীক্ষা শুরু হয়। বৃষ্টির মধ্যেই পরীক্ষা দিতে আসেন শিক্ষার্থীরা। সকাল নয়টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বুয়েটের ১৩টি বিভাগের মধ্যে ন্যানোম্যাটেরিয়ালস ও সিরামিক কৌশল বিভাগ এবং স্থাপত্য বিভাগ ছাড়া বাকি ১১ বিভাগের শিক্ষার্থীদেরই পরীক্ষা ছিল। আজ বেলা দুইটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত দ্বিতীয় পর্বে এ দুই বিভাগ এবং শিল্প ও উৎপাদন কৌশল বিভাগ ছাড়া সব বিভাগের শিক্ষার্থীরা পরীক্ষা দেবেন।

বুয়েটের একাধিক শিক্ষক ও শিক্ষার্থী জানান, শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করেই বুয়েট প্রশাসন পরীক্ষার তারিখ নির্ধারণ করেছে। এ ছাড়া ক্যাম্পাসে ছাত্ররাজনীতির বিরুদ্ধে শিক্ষার্থীদের যে অবস্থান, তার সঙ্গে বুয়েট প্রশাসনও একমত এবং এ বিষয়ে আইনি লড়াই করতেও প্রশাসন সম্মত। ফলে নতুন করে শুরু হওয়া টার্ম ফাইনাল পরীক্ষায় শতভাগ শিক্ষার্থী অংশ নিচ্ছেন। তবে পরীক্ষা চলাকালে আগামী ৬ জুন পর্যন্ত বুয়েটে কোনো ক্লাস নেই।

গত ৩০ মার্চ থেকে বুয়েটে টার্ম ফাইনাল পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। শেষ হওয়ার কথা ছিল ৮ মে।

কিন্তু ছাত্ররাজনীতির বিরুদ্ধে চলমান আন্দোলনের অংশ হিসেবে ঈদের আগে ও পরে ধারাবাহিকভাবে পরীক্ষা বর্জন করেন বুয়েটের সব ব্যাচের শিক্ষার্থীরা। এমন প্রেক্ষাপটে ২০ এপ্রিল টার্ম ফাইনালের বাকি পরীক্ষাগুলো স্থগিত এবং শিক্ষার্থীদের বর্জন করা পরীক্ষাগুলোর তারিখ পুনর্নির্ধারণ করে পুনরায় নেওয়ার সিদ্ধান্ত নেয় বুয়েটের একাডেমিক কাউন্সিল। দফায় দফায় বৈঠক শেষে ৭ মে পরীক্ষার রুটিন প্রকাশ করা হয়।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো